

শাহজালাল বিশ্ববিদ্যালয়
শিক্ষকদের আন্দোলন
বন্ধে নির্দেশ শিক্ষা
মন্ত্রণালয়ের

■ সিলেট ব্যুরো
শাহজালাল বিশ্ববিদ্যালয় ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (সারি) আওয়ামীপন্থী শিক্ষকদের গ্রহণের ভিসিবিরোধী আন্দোলন বন্ধের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। ভিসি অধ্যাপক ড. আমিনুল হক ভূইয়ার অপসারণ দাবিতে কয়েক মাস ধরে আন্দোলন করে আসছেন 'মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষকবৃন্দ'। গতকাল সোমবার মন্ত্রণালয়ের উপসচিব জিন্নাত রেহানা স্বাক্ষরিত এক চিঠিতে শাবি পরিস্থিতি নিয়ে ১১ দফা নির্দেশনা দেওয়া হয়। এমন নির্দেশনা আসার দিনেও আন্দোলনরত শিক্ষকরা ভিসি ভবনের সামনে কয়েক ঘণ্টা অবস্থান করছেন। ■ পৃষ্ঠা ১৫ - কলাম ৫

শিক্ষকদের আন্দোলন

[তৃতীয় পৃষ্ঠার পর]
কর্মসূচি পালন করেন। উদ্বৃত্ত পরিস্থিতিতে ভিসিসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষক গ্রুপের নেতাদের সঙ্গে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আগেই পৃথক বৈঠক করেছিলেন।
'শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি উন্নয়নে শিক্ষা মন্ত্রণালয়ের আহ্বান' শিরোনামে পাঠানো চিঠিতে আন্দোলন বন্ধ রেখে নিয়মিত ক্লাস পরিচালনায় মনোযোগী হতে সংশ্লিষ্টদের নির্দেশ দেওয়া হয়েছে। এতে আপাতত নতুন শিক্ষক নিয়োগ বন্ধ রাখার কথা উল্লেখ করা হলেও সিডিকেট ও একাডেমিক কাউন্সিলের নিয়মিত কার্যক্রম পরিচালনা, ভর্তি পরীক্ষায় সকলকে সহযোগিতা করা ও প্রশাসনিক দায়িত্ব পালনের নির্দেশ দেওয়া হয়। মন্ত্রণালয় আগামী ৬ মাস বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি পর্যবেক্ষণ করবে বলেও চিঠিতে উল্লেখ করা হয়। গত এপ্রিল থেকে ভিসি অধ্যাপক ড. আমিনুল হক ভূইয়ার বিরুদ্ধে 'অসদাচরণের' অভিযোগ এনে তার পদত্যাগ দাবিতে আন্দোলনে নামেন 'মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষকবৃন্দ'। আন্দোলনের মধ্যে ভিসি দুই মাসের ছুটিতে গেলে কর্মসূচি স্থগিত রাখলেও ভিসি ফের দায়িত্ব গ্রহণের পর আন্দোলনও আবার শুরু হয়। অন্যদিকে ছাত্রলীগ তাদের বিরুদ্ধে পাস্টা কর্মসূচি শুরু করলে পরিস্থিতি উত্তপ্ত হতে থাকে।
শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা প্রসঙ্গে আন্দোলনরত সংগঠনের আহ্বায়ক অধ্যাপক ড. সামছুল আলমের সঙ্গে মোবাইল ফোনের মাধ্যমে যোগাযোগ করা হলে 'মিটিংয়ে আছেন' বলে লাইন কেটে দেন। অন্যদিকে শিক্ষা মন্ত্রণালয়ের চিঠি প্রাপ্তির কথা স্বীকার করে ভিসি অধ্যাপক ড. আমিনুল হক ভূইয়া বলেন, আশা করি সকলের সহযোগিতায় শাবিকে আরও ভালোভাবে এগিয়ে নিতে পারব।